জলবায়ু তহবিলের নির্ভরতা বাড়ছে বাজেটের ওপর

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় উন্নত বিশ্ব থেকে প্রতিবছর প্রতিশ্রুত সহায়তা না আসায় বাজেটের ওপর সরকারের নির্ভরতা বাড়ছে। যে টাকা শিক্ষা ও স্বাস্থ্যের মতো মৌলিক খাতে দেওয়া যেত, সে টাকা এখন বরাদ্দ দিতে হচ্ছে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি এড়াতে। অর্থ মন্ত্রণালয়ের তথ্য বলছে, চলতি ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় ১৪ হাজার ৬৩৩ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। জলবায়ুর সঙ্গে সম্পৃক্ত, এমন ছয়টি মন্ত্রণালয়ের প্রকল্পের বিপরীতে এই টাকা দেওয়া হয়েছে, যা চলতি বছরের মোট বাজেটের সাড়ে ৩ শতাংশ। অথচ উন্নত বিশ্ব থেকে আসা টাকা দিয়ে এসব মন্ত্রণালয়ে বরাদ্দ দেওয়ার কথা ছিল। গত চার বছরে বাজেট থেকে জলবায়ু তহবিলে বরাদ্দ বেড়েছে ৫৬ শতাংশ।http://www.kalerkantho.com

রেমিট্যান্স বিতরণে যৌথ উদ্যোগ

অতি সহজে ও দ্রুততার সঙ্গে প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সের টাকা দেশের যেকোনো স্থানে তাদের স্বজনদের কাছে পৌঁছে দিতে ব্যাংক এশিয়া ও ওয়েস্টার্ন ইউনিয়ন সম্মিলিতভাবে কার্যক্রম শুরু করেছে। গতকাল রাজধানীর ওয়েস্টিন হোটেলে আয়োজিত এক অনুষ্ঠানে ব্যাংক এশিয়ার প্রেসিডেন্ট ও এমডি মো. আরফান আলী এবং ওয়েস্টার্ন ইউনিয়নের এমডি ও দক্ষিণ এশিয়া অঞ্চলের ভাইস প্রেসিডেন্ট সোহিনী রাজোলা এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ওয়েস্টার্ন ইউনিয়নের সিনিয়র কাউন্সিলর ও ভাইস প্রেসিডেন্ট (মধ্যপ্রাচ্য, আফ্রিকা, দক্ষিণ এশিয়া এবং দক্ষিণ-পূর্ব এশিয়া) মঞ্জু রায় ও সিনিয়র কান্ট্রি ম্যানেজার (বাংলাদেশ) নাভেদ আশরাফ এবং ব্যাংক এশিয়ার সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট জুনায়েদ মাশরুর ও জিয়াউল হাসানসহ প্রতিষ্ঠান দুটির ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।http://www.kalerkantho.com

সম্পদমূল্যের চেয়ে ২৭.৭% কমে লেনদেন হচ্ছে মিউচুয়াল ফান্ড

দেশের পুঁজিবাজারে বর্তমানে ৩৫টি মেয়াদি মিউচুয়াল ফান্ড তালিকাভুক্ত রয়েছে। বিনিয়োগকৃত সম্পদের বাজারমূল্যের ভিত্তিতে গতকাল ফান্ডগুলোর নিট সম্পদমূল্য (এনএভি) ছিল ৬ হাজার ৩০৪ কোটি ৯৩ লাখ টাকা। বিপরীতে ফান্ডগুলোর বাজার মূলধন ৪ হাজার ৫৫৮ কোটি ৬৮ লাখ টাকা। ইউনিটগুলোর বাজারমূল্য ও সম্পদমূল্যের (পি/এনএভি) অনুপাত শূন্য দশমিক ৭২। অর্থাৎ স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত মিউচুয়াল ফান্ডগুলোর ইউনিট গড়ে সম্পদমূল্যের ২৭ দশমিক ৭ শতাংশ কমে হাতবদল হচ্ছে। সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেডের এক পর্যালোচনা প্রতিবেদনে সম্প্রতি এ চিত্র উঠে এসেছে।http://bonikbarta.net

পরিবর্তনে মিশ্র প্রতিক্রিয়া বেনাপোল স্থলবন্দরে

আমদানি-রফতানি কার্যক্রম সপ্তাহে সাতদিনই ২৪ ঘণ্টা সচল রাখায় বদলাতে শুরু করেছে বেনাপোল স্থলবন্দরের চিত্র। শ্রমিকরা দিনের মতো রাতেও একই ব্যস্ততায় কাজ করছেন। ফলে বন্দরের কার্যক্রমে গতি বেড়েছে। তবে বন্দর কর্তৃপক্ষ হলিডে ও নাইট শিফটের চার্জ নেয়ায় অসন্তোষ প্রকাশ করেছেন ব্যবসায়ীরা। তাদের অভিযোগ, ভারতীয় কর্তৃপক্ষ এ চার্জ না নিলেও বেনাপোল স্থলবন্দর কর্তৃপক্ষ তা নিচ্ছে।এ ব্যাপারে যশোর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সাবেক সভাপতি ও আমদানিকারক মিজানুর রহমান খান বলেন, বেনাপোল বন্দর ও কাস্টমস

২৪ ঘন্টা খোলা রাখার সরকারি সিদ্ধান্ত ইতিবাচক। তবে ছুটির দিনে পণ্য আমদানিতে অতিরিক্ত চার্জ নেয়া হলে তা কোনোমতেই গ্রহণযোগ্য নয়। এর ফলে সরকারের উদ্যোগ বাধাগ্রস্ত হতে পারে।http://bonikbarta.net

আমানতকারীর মৃত্যুর পর টাকা পাবেন নমিনিই

ব্যাংকে টাকা রেখে কোনো গ্রাহকের মৃত্যু হলে তার নমিনি ছাড়া অন্য কাউকে টাকা দেয়া যাবে না বলে আবার নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। গতকাল কেন্দ্রীয় ব্যাংকটির এক প্রজ্ঞাপনে দেশের বাণিজ্যিক ব্যাংকগুলোকে এ নির্দেশনা দেয়া হয়। দেশের সব তফসিলি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তাদের কাছে পাঠানো প্রজ্ঞাপনে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারিকৃত চলতি বছরের ৬ নম্বর প্রজ্ঞাপন মেনে চলতে বলা হয়েছে।গত ১৯ এপ্রিল ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ ৬ নম্বর প্রজ্ঞাপনটি জারি করেছিল। এতে বলা হয়, কিছু কিছু তফসিলি ব্যাংক আমানতকারীর মনোনীত নমিনির কাছ থেকে এ মর্মে অঙ্গীকার আদায় করছে যে, আমানতকারীর মৃত্যুর পর নমিনি বা নমিনিরা মৃত ব্যক্তির হিসাবে রক্ষিত আমানতপ্রাপ্তির যোগ্য বা উপযুক্ত প্রাপক বিবেচিত নাও হতে পারেন। বিষয়টি ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ (২০১৩ পর্যন্ত সংশোধিত)-এর ১০৩ ধারায় বর্ণিত নির্দেশনার পরিপন্থী। এ অবস্থায় আমানতকারী বা আমানতকারীদের মৃত্যুর পর তাদের ব্যাংক অ্যাকাউন্টে রক্ষিত আমানতের অর্থ পরিশোধের ক্ষেত্রে উল্লিখিত ধারা অনুসরণ করতে ব্যাংকগুলোকে নির্দেশ দেয়া হয়েছে।http://bonikbarta.net

আঞ্চলিক দ্বন্দ্ব সত্ত্বেও দক্ষিণ চীন সাগর হয়ে বাণিজ্য বাড়ছে

কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ দক্ষিণ চীন সাগরের মালিকানার দাবি নিয়ে আঞ্চলিক বিরোধ চরমে পৌঁছেছে। এ সমস্যা সমাধানে অ্যাসোসিয়েশন অব সাউথইস্ট এশিয়ান নেশন্সের (আসিয়ান) পররাষ্ট্রমন্ত্রীদের সর্বশেষ বৈঠকটিও সফল হয়নি। তবে ক্রমবর্ধমান দ্বন্দ্ব সত্ত্বেও এ সমুদ্রপথ দিয়ে বৈশ্বিক বাণিজ্যে কোনো ভাটা পড়েনি; উল্টো বেড়েছে। যুক্তরাষ্ট্রভিত্তিক এক গবেষণা প্রতিষ্ঠানের প্রতিবেদনে দেখা গেছে, ২০০৮-১৬ সাল পর্যন্ত দক্ষিণ চীন সাগরের মধ্য দিয়ে মোট ২৮ ট্রিলিয়ন ডলারের বাণিজ্য সম্পন্ন হয়েছে। খবর সিনহুয়া ও রয়টার্স।http://bonikbarta.net

ভারতে দুই সপ্তাহে চার গুণ বেড়েছে পেঁয়াজের দাম

ভারতের বাজারে দুই সপ্তাহের ব্যবধানে চার গুণ বেড়েছে পেঁয়াজের দাম। দেশটির মহারাষ্ট্র, গুজরাট, মধ্যপ্রদেশসহ পেঁয়াজ উৎপাদনকারী অঞ্চলগুলোয় অতিবৃষ্টি ও এর জের ধরে বন্যা দেখা দিয়েছে। এ কারণে বাজারে পর্যাপ্ত চাহিদা থাকা সত্ত্বেও এসব অঞ্চল থেকে পণ্যটির সরবরাহ কমে গেছে। ফলে বাজারে পেঁয়াজের দাম দুই বছরের মধ্যে সর্বোচ্চে পৌঁছেছে। কমেছে রফতানির পরিমাণও। ভারতের ন্যাশনাল হর্টিকালচার রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের (এনএইচআরডিএফ) সাম্প্রতিক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। খবর বিজনেস স্ট্যান্ডার্ড।http://bonikbarta.net

সাতক্ষীরায় আড়াই লাখ টন চাল উৎপাদনের লক্ষ্য

চলতি মৌসুমে রোপা আমন চাষে ব্যস্ত সময় পার করছেন সাতক্ষীরার কৃষকরা। গত বোরো মৌসুমে ক্ষেতে ব্লাস্টের আক্রমণের জের ধরে ক্ষতি কাটিয়ে উঠতে চলতি বছর রোপা আমন চাষে আগ্রহী হয়েছেন এখানকার কৃষকরা। এরই মধ্যে জমি চাষ ও বীজতলা তৈরির কাজ শুরু হয়েছে। এবারের মৌসুমে জেলার সাতটি উপজেলায় ৮৩ হাজার ৭৬৫ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ করা হচ্ছে। এবার জেলায় ২ লাখ ৩২ হাজার ৬৬০ টন চাল উৎপাদনের লক্ষ্য ধরা হয়েছে। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত মৌসুমে সাতক্ষীরা জেলার সাতটি উপজেলায় চাল উৎপাদন হয়েছিল ২ লাখ ২৬ হাজার ৮৬৬ টন। এবার চাল উৎপাদন লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ২ লাখ ৩২ হাজার ৬৬০ টন। সে হিসাবে চলতি মৌসুমে জেলায় প্রায় ছয় হাজার টন বেশি চাল উৎপাদনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এবার এখানকার প্রায় ৩ লাখ ২০ হাজার ৭১৫ কৃষক ৮৩ হাজার ৭৬৫ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ করছেন।http://bonikbarta.net